# উপজেলা পরিষদ কার্যালয়
## আটপাড়া, নেত্রকোণা

### উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রুয়েল সাংমা, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ২৬.০২.২০২৫ খ্রিঃ, বেলা ০৩.৩০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হল রুম। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |

সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা অথবা তার কোন প্রতিনিধি অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। সভায় সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গুলো গ্রহণ করার হয়েছে। | ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জনবল ও চিকিৎসা সেবায় ব্যবহৃত সচল/অচল মেশিন বা অন্যান্য যন্ত্রাংশের তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) রোগীদের সেবার মান বাড়াতে এবং সেবা প্রার্থীদের ভোগান্তি কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>ঘ) প্রত্যেক মাসে কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, আটপাড়া। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ছিল ১২৬০০ হেক্টর। এ বছর অর্জিত হয়েছে ১২৭৫০ হেক্টর। বর্তমানে সারের কোন ঘাটতি নেই। ডিলারদের কাছে পর্যাপ্ত কীট নাশক মজুদ আছে। সার বীজের কৃত্রিম সংকট রোধে কার্যক্রম অব্যাহত আছে। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) প্রত্যেক মাসে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, আটপাড়া<br>সংশ্লিষ্ট সকল |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। প্রাণি চিকিৎসা ও ভ্যাক্সিনেশন স্বাভাবিক আছে। এছাড়া ডিওয়ার্মিং, কৃত্রিম প্রজনন, ঘাস চাষসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। হাঁসমুরগি, কবুতরের পক্স, রানীক্ষেত্র ভ্যাক্সনের সরবরাহ পর্যাপ্ত আছে। ঘাস চাষ বৃদ্ধিতে খামাড়িদেরকে সচেতন করা হচ্ছে। | (ক) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>(খ) মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনা করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অত্র উপজেলার ২ টি বিল নার্সারী স্থাপনের জন্য জলাশয় নির্বাচন করার কার্যক্রম চলমান আছে। ৩০ জন মৎস্যচাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া ২০ জনকে মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>তিনি আরো জানান, মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ অনুযায়ী তানভীর ভুঁইয়া নামক এক ব্যবসায়ীকে ৪০০০/- টাকা জরিমাণা করা হয়। এছাড়াও স্বাস্থ্যসম্মত ও নিরাপদ মাছ সরবরাহের লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগ কাজ করে যাচ্ছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়<br>(গ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য অফিসার, আটপাড়া<br>সংশ্লিষ্ট সকল |
| ৫. | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জনাব সাহেল মিয়া জানান যে, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আটপাড়া উপজেলা NDRIIP প্রকল্পের আওতায় অনেক গুলো প্রকল্পের কাজ চলমান আছে। এর মধ্যে উল্লেখ যোগ্য প্রকল্প হলোঃ ব্রুজের বাজার হতে নেত্রকোণা পর্যন্ত রাস্তার সুতারপুর মাদ্রাসা হতে আটপাড়া সীমানা পর্যন্ত রাস্তার সংস্কার কাজ ২৫%, বাউসা বাজার হতে মোহনগঞ্জ উপজেলার রাস্তা কার ৪০%, রামেস্বরপুর হতে বাশাটি রাস্তার কাজ ৩০%, স্বরমুশিয়া হতে অভয়পাশা বাজার কৃষ্টপুর রাস্তা কার ২৫% এবং আমতলা ব্রিজের কাজ ৩০% সম্পন্ন হয়েছে। তাছাড়া তিনি সুখারী ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকের পাশের সড়কে বক্স কালভার্টের এপ্রোচ সড়কে HBB রাস্তা করণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় ভবনটি সংস্কার/মেরামত করা জরুরী প্রয়োজন। ভবনটি সংস্কার/মেরামতের জন্য =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। | ক) NDRIIP প্রকল্পের আওতায় প্রকল্পের কাজ শতভাগ সম্পূর্ন করে চিত্রসহ প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামতের জন্য =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং পিআইসির মাধ্যমে সংস্কার/মেরামতের সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) এডিবি ও হাট বাজার উন্নয়ন সংক্রান্ত প্রকল্প সমুহ দ্রুত সম্পাদন করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, আটপাড়া |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তবে কন্ট্রাসেটিভের ঘাটতি থাকার কার্যক্রমক্রম কিছুটা ব্যহত হচ্ছে। এ বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পত্র প্রেরণ করা হয়েছে। | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রম সভায় অবহিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>২০২৪-২৫ অর্থ বছরে তেলিগাতী টেংগা রহিম উদ্দিন মেম্বারের বাড়ি হতে কাছারপুর মোস্তফা কামালের বাড়ি পর্যন্ত (৮৪০ মিটার) ও আটপাড়া ডিগ্রী কলেজের পিছনের সিসি রাস্তা হতে ভুঁইয়া বাড়ির মসজিদ পর্যন্ত (১৬০ মিটার) HBB রাস্তার কাজের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br>তিনি আরো জানান, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে টি আর/কাবিখা/কাবিটা প্রকল্পের ১ম ও ২য় পর্যায়ে | (ক) ২০২৪-২৫ অর্থ বছরে HBB রাস্তার কার্যক্রম সম্পন্ন করে সভায় অবহিত করতে হবে।<br>(খ) শহীদ মুক্তিযোদ্ধা ও প্রয়াত মুক্তিযোদ্ধা কবরস্থান সংরক্ষণের দ্রুত নতুন করে সভা করে তালিকা প্রস্তুত করে সভায় অবহিত করতে হবে।<br>(গ) ২০২৪-২৫ অর্থ বছরে টি আর/কাবিখা/কাবিটা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া। |

| | | | |
|---|---|---|---|
| | কাজ বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে যা উপজেলা কমিটি অনুমোদন করে জেলায় চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। | প্রকল্পের ১ম ও ২য় পর্যায়ে কাজ বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন হতে প্রকল্প তালিকা উপজেলা কমিটি অনুমোদন করে জেলায় চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৮. | <u>উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ের মা ও শিশু সহায়তা কার্যক্রম নিয়মিতভাবে চলমান আছে। VWB কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে শেষ হয়েছে। পরবর্তী তালিকা প্রস্তুতে নির্দেশনা না পাওয়ায় তালিকা প্রস্তুতি কার্যক্রম গ্রহণ করা হয়নি।<br>তিনি আরো জানান যে, প্রতি সপ্তাহে শুক্রবার ও শনিবার সকাল ১০.০০ থেকে ১২.০০ টা পর্যন্ত কিশোর কিশরীদের আবৃত্তি, সঙ্গীত, জেন্ডার বৈষম্য, বাল্যবিবাহ, ইভটিজিং ও নারী নির্যাতন সম্পর্কে সচেতনতা বিষয়ে শিক্ষা প্রদান করা হয়। এছাড়াও তিনি বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার জন্য ইউনিয়ন প্রশাসকগণকে অনুরোধ করেন।<br>তিনি আগামি ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস-২০২৫ সফলভাবে উদযাপনের লক্ষে সকলের উপস্থিতি কামনা করেন। | (ক) মা ও শিশু সহায়তা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(ঘ) আগামি ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস-২০২৫ সফলভাবে উদযাপনের লক্ষে সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের উপস্থিত থাকার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অনেক বিদ্যালয়ের মাঠ ও গর্তে মাটি ভরাট করার বিশেষ প্রয়োজন। তাছাড়া কিছু কিছু বিদ্যালয় জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা প্রয়োজন। নয়তো সামনে বর্ষাকালে বিদ্যালয়ের কার্যক্রম পরিচালনায় ব্যঘাত সৃষ্টি হপ্তে পারে।<br>তিনি আরো জানান, ২৬.০২.২০২৫ খ্রি হতে ০৬.০৪.২০২৫ খ্রি পর্যন্ত বিদ্যালয় বন্ধ থাকবে। অনে বিদ্যালয়ে দপ্তরী কাম নিরাপত্তা প্রহরী না থাকায় বিদ্যালয়ে চুরির সম্বভাবনা আছে। এ বিষয়ে সকলের নিকট সহযোগিতা কামনা করেন। | (ক) শিক্ষকদের বাড়ি বিদ্যালয়ের আশে পাশে, তাদেরকে বিদ্যালয় বন্ধের সময় তদারকি করার নির্দেশ প্রদান করতে হবে। সকল ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশগণ তার দায়িত্বের অতিরিক্ত সময়ে বিদ্যালয়ে গিয়ে খোঁজ রাখবে এবং অফিসার ইন-চার্জ আটপাড়া থানাকে অবহিত করবে।<br>(খ) বিদ্যালয় খোলার দিন শিক্ষকের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে।<br>(গ) সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়<br>ঘ) উপজেলা শিক্ষা ব্যবস্থাপনা কমিটির সভা করে অত্র সভায় অবহিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া<br>প্রশাসক, সকল ইউপি |
| ১০. | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অথবা তার কোন প্রতিনিধি অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। সভার সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গুলো গ্রহণ করার হয়েছে। | প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | <u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> উপজেলা সমাজসেবা কর্মকর্তা অথবা তার কোন প্রতিনিধি অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। সভার সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গুলো গ্রহণ করার হয়েছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) ভিক্ষুকদের তালিকা তৈরি করে সভায় অবহিত করতে হবে।<br>ঘ) উপজেলা সমাজ কল্যাণ পরিষদের সভা করে অত্র সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ১২. | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস :</u> উপজেলা যুব উন্নয়ন অফিসার অথবা তার কোন প্রতিনিধি অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। সভার সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গুলো গ্রহণ করার হয়েছে। | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া |
| ১৩. | <u>উপজেলা পল্লী উন্নয়ন অফিস:</u> উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে কার্যক্রম চলমান আছে। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ৫৫.৫২ টাকা এবং আদায় ২০.৪ টাকা। ক্রমপুঞ্জি বিতরণ ৭৮০.১৬ এবং ক্রমপুঞ্জি আদায় ৪৬৭.৩৭ টাকা। এছাড়া সকল প্রকল্পের কারক্রম অব্যাহত আছে। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারনকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আটপাড়া |
| ১৪. | <u>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া শাখাঃ</u> ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া |
| ১৫. | <u>জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ</u> উপসহকারী প্রকৌশলী কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। "বন্যায় ক্ষতিগ্রস্থ জরুরী সহায়তায় পানির উৎস্য স্থাপন ও স্যানিটেশন" প্রকল্পের আওতায় ৬০ টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ও ২২টি হস্তচালিত নলকূপের চূড়ান্ত অনুমোদন পাওয়া গিয়েছে এবং অনুমোদিত তালিকা অনুযায়ী কাজ বাস্তবায়ন চলমান আছে।<br>তিনি আরো জানান যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ১২ টি করে বরাদ্দ পাওয়া গেছে। উক্ত প্রকল্পের আওতায় তেলিগাতী ইউনিয়নে ওভার হাড ট্যাংক এর ৩.৫ কি.সি পাইপ লাইনের স্থাপনের কাজ শুরু হয়েছে। | (ক) "বন্যায় ক্ষতিগ্রস্থ জরুরী সহায়তায় পানির উৎস্য স্থাপন ও স্যানিটেশন" প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ও হস্তচালিত নলকূপের বিধি মোতাবেক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করে চিত্রসহ প্রতিবেদন সভায় অবহিত করতে হবে।<br>(খ) "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর সুবিধাভোগী তালিকা বিধি মোতাবেক যাছাই বাছাই করে সভায় অবহিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, আটপাড়া |
| ১৬. | <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ</u> উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, পল্লী দারিদ্র বিমোচন অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান চলতি মাসে ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ০৬ জন সুবিধাভোগীর মাঝে ১,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে।<br>এ ছাড়া সমবায় সমিতিগুলো নিয়মিত অডিট, পরিদর্শন, তদারকি, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, | (ক) আটপাড়া উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | সমবায়ীদের সমন্বয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ, বিভিন্ন সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ,বার্ষিক সাধারণ স[illegible] ও বিধি মোতাবেক অডিট ফি, সমবায় উন্নয়ন তহবিল আদায় কার্যক্রম অব্যাহত আছে। | | |
| ১৮. | প্রশাসক, উপজেলা পরিষদঃ নিয়মিতভাবে স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য বিভাগীয় কর্মকর্তাদেরকে অনুরোধ জানান। এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে আইন ও বিধি মোতাবেক দায়িত্ব ও কর্তব্য পালন করার অনুরোধ জানান।<br>তিনি আরো জানান যে, অদ্যকার সভায় অনেক গুরুত্বপূর্ণ দপ্তরের কর্মকর্তা অথবা তার কোন প্রতিনিধি উপস্থিত হয়নি। সেসমস্ত দপ্তরের উল্লেখযোগ্য মাসিক কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করা প্রয়োজন। উপজেলা পরিষদ মাসিক সভা একটি গুরুত্বপূর্ন সভা। এ সভায় বাধ্যতামূলকভাবে উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তর প্রধান অথবা তার দপ্তরের উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকা প্রয়োজন। তাই পরবর্তী সকল মাসের সভায় দপ্তর প্রধান অথবা তার দপ্তরের উপযুক্ত প্রতিনিধি উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। | (ক) নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পূর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) সকল মাসিক দপ্তর প্রধান অথবা তার দপ্তরের উপযুক্ত প্রতিনিধি উপস্থিতি নিশ্চিত করণের সিদ্ধান্ত গৃহিত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), আটপাড়া। |

১৯. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র নং | ব্যয়ের খাত | | | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১. | ১৪৩২ বাংলা সনের হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি জনেত্র পত্রিকায় ০৩.০২.২০২৫ প্রকাশের বিল | | | ১৬,৬৪০/- |
| ২. | ১৪৩২ বাংলা সনের হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি যায়যায়দিন পত্রিকায় ০৩.০২.২০২৫ তারিখে প্রকাশের বিল | | | ৩৪,৪৪০/- |
| ৩. | ১৪৩২ বাংলা সনের নৌকাঘাট/ফেরিঘাট ইজারা বিজ্ঞপ্তি ব্রহ্মপুত্র এক্সপ্রেস পত্রিকায় ০৩.০২.২০২৫ তারিখে প্রকাশের বিল | | | ১৩,৮০০/- |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামতের ব্যয় বিল | | | ২,০০,০০০/- |
| ৫. | উপজেলা পরিষদের জীপ গাড়ির এসি মেরামত ব্যয় বিল | | | ২৫,০০০/- |
| ৬. | উপজেলা পরিষদের জীপ গাড়ির চাকা ক্রয় বাবদ ব্যয় বিল | | | ২৫,০০০/- |
| ৭. | উপজেলা পরিষদের জীপ গাড়ির ওয়েল লুব্রিক্যান্ট ব্যয় বিল বাবদ. | বিল<br>১৩,১৭৫/- | ভ্যাট ৭.৫%<br>৯৮৯/- | ১৪,১৬৪/- |
| ৮. | উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ, খুঁটি ক্রয়, যায়গা উদ্ধারের দলিল খরচসহ আনুষাঙ্গিক বিল | | | ৩৫,০০০/- |
| ৯. | উপজেলা পরিষদ সাঁট মুদ্রাক্ষরিক এর কম্পিউটার পিসি ক্রয় বাবদ ব্যয় বিল | | | ২৫,০০০/- |
| ১০. | উপজেলা পরিষদের ১ টি প্রিন্টার ক্রয়ের ব্যয় বিল | | | ২৫,০০০/- |
| ১১. | উপজেলা পরিষদের মাসিক সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল | | | ৩৫,০০০/- |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০২/২৫

(রুয়েল সাংমা)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৫.৯৭ (৩১)

তারিখঃ ২৬.০২.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে
১. উপজেলা...................................কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
২. প্রশাসক (সকল)............................ইউপি, আটপাড়া, নেত্রকোণা
৩. অফিস কপি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. প্রশাসক, উপজেল পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

২৬/০২/২৫

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. উপজেলা কৃষি অফিসার, আটপাড়া, নেত্রকোণা।<br>২. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>৪. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>৫. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণা।<br>৬. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা।<br>৭. উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>৮. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>৯. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, আটপাড়া, নেত্রকোণা।<br>১০. উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>১১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা<br>৩. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>৪. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |

কর্মকর্তা/জনপ্রতিনিধি ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), আটপাড়া, নেত্রকোণা এর স্থলে জনাব মো: সাহেল মিয়া, উপ-সহকারী প্রকৌশলী | |

২৫/০৪/২৫

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা